



বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে বিকেবি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক নৈতিকতা কমিটির ২য় (দ্বিতীয়) ত্রৈমাসিক সভা আহ্বান।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আগামীকাল ২৭/১২/২০২১ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত কমিটির অর্ন্তভুক্ত সম্মানিত সদস্যবৃন্দকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ শাহ আলম)

আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি

ও

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ/দঃ)।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৫। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। অফিস নথি।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক
নৈতিকতা কমিটির ২য়(দ্বিতীয়) ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলের নৈতিকতা কমিটির ২য় (দ্বিতীয়) ত্রৈমাসিক সভা অদ্য ২৭/১২/২০২১ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোঃ শাহ আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

বাস্তবায়ন রিপোর্টঃ


- ক) Covid-19 করোনা ভাইরাস এখনো রয়েছে, তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;
- খ) ঋণ আদায় বিতরণ স্বচ্ছতার সহিত করা হচ্ছে। বর্তমানে কোন ঋণ গ্রহীতা হয়রানির শিকার হচ্ছে না;
- গ) কার্যালয় এবং শাখা সমূহের ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতার সহিত ক্রয় করা হচ্ছে;
- ঘ) প্রতিটি শাখা এবং কার্যালয়ের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। যাতে বিভিন্ন রোগব্যধির হাত থেকে রক্ষা পাওয়া যায়;
- ঙ) অংশীজনের অংশগ্রহণে সভা ২৯/০৯/২০২১ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় অত্র মুখ্য আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে;

সিদ্ধান্ত সমূহঃ


- ০১। শাখা পর্যায়ের ২০২১-২০২২ অর্থ-বছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা আনুপাতিক হারে অর্জন নিশ্চিত করতে হবে। এলক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিকতার সহিত কাজ করতে হবে;
- ০২। Covid-19 করোনা ভাইরাস ওমিক্রন নতুনভাবে মহামারী দেখা দিচ্ছে, তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;
- ০৩। ঋণ আদায় ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন প্রকার নোটিশ ইস্যু নিশ্চিত করতে হবে;
- ০৪। সকল শাখা অনলাইন কার্যক্রমের আওতায় আসায় বর্তমানে ব্যাংকের গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাই গ্রাহক সেবার মান আরও বৃদ্ধি করতে হবে যা ব্যাংকের আমানত বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে।
- ০৫। সকলকে সততা ও স্বচ্ছতার সহিত কাজ করতে হবে, এতে করে ব্যাংক লাভজনক পর্যায়ে উন্নীত করা সম্ভব হবে।




মুহাম্মদ মাসুদ হোসাইন
ফোকাল কর্মকর্তা
আঞ্চলিক নৈতিকতা কমিটি ও
মুখ্য কর্মকর্তা



মোঃ আলিম হোসাইন
সদস্য
আঞ্চলিক নৈতিকতা কমিটি ও
মুখ্য কর্মকর্তা



আব্দুল আজিজ
সদস্য
আঞ্চলিক নৈতিকতা কমিটি ও
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



মোঃ শাহ আলম
আস্থায়ক
আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো :

- ০১। স্টাফ অফিসার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ/দঃ)।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। অফিস নথি।